আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

**01 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

================================================================

১) রাজ্যে সবুজ বাতাবরণ বৃদ্ধি ও বৃক্ষ অর্থনীতি বিকাশের লক্ষ্যে রাজ্য সরকারের গ্রহন করা অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় পর্যায় আরম্ভ। মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার দিসপুরে মন্ত্রীদের আবাস প্রাঙ্গণে গাছের চারা রোপণ করে কার্যসূচীর সূচনা।

২) রাজ্যের বিদ্যালয়গুলিতে ডিজিট্যাল মাধ্যমে শিক্ষাদান ব্যবস্থাকে অধিক শক্তিশালী করা হবে বলে শিক্ষামন্ত্রী ডা: রনোজ পেগুর প্রকাশ।

৩) অনুসূচিত জাতি ও জনজাতি লোকেদের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা লাভের ক্ষেত্রে ক্রীমি লেয়ার নীতি প্রয়োগের জন্য সুপ্রীম কোর্টের পরামর্শ।

এবং

৪) প্যারিস অলিম্পিকে আজ ভারতের স্বপ্নীল কুশালের পুরুষদের ৫০ মিটার রাইফেলসের থ্রি পজিশন বিভাগে ব্রোঞ্জের পদক অর্জন।

---

রাজ্যে সবুজ বাতাবরণ বৃদ্ধি এবং বৃক্ষ অর্থনীতি বিকাশের লক্ষ্যে আসাম সরকারের গ্রহণ করা অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় পর্যায় আজ থেকে শুরু হয়েছে ।এই কার্যসূচীর অধীনে আগামী ১৫ আগষ্ট পর্যন্ত রাজ্যে ৩ কোটি বানিজ্যিকভাবে উপযোগী গাছের চারা রোপন করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ দিশপুরে মন্ত্রীদের আবাসিক প্রাঙ্গনে গাছের চারা রোপন করে এই কার্যসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন ।পরে তিনি সাংবাদিকদের জানান যে একজন ব্যক্তির জীবনে নিজের মা থেকে শ্রষ্ঠ কেউ হতে পারেনা ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসে এক পেড় মা কে নাম অভিযান আরম্ভ করে দেশ তথা সমগ্র বিশ্বের জনসাধারণকে নিজেদের মায়ের নামে একটি গাছের চারা রোপন করার আহ্বান জানিয়েছিলেন ।প্রধানমন্ত্রীর অনুপ্রেরণায় রাজ্যসরকার এই কার্যসূচী গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা মন্তব্য করেন ।এইবছর অমৃত বৃক্ষ আন্দোলনের অধীনে রোপন করতে যাওয়া তিন কোটি গাছের চারা বন বিভাগ নিজেদের নার্সারিতে উৎপাদন করেছে বলে মুখ্যমন্ত্রী জানান ।তিনি বলেন যে বিগত বছরের অমৃত বৃক্ষ আন্দোলনে রোপন করা গাছের চারাগুলোর মধ্যে ৯৫ শতাংশ চারা জীবিত রয়েছে ।এবছর এই কার্যসূচী ১৫ ই আগষ্ট পর্যন্ত ধার্য করা হয়েছে তবে প্রয়োজন সাপেক্ষে ২০ আগষ্ট পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হবে ।অনুষ্ঠানে বন মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী সহ বন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের অন্যান্য অংশের সংগে কাছাড় জেলায় ও অমৃত বৃক্ষ আন্দোলন কার্যসূচীর অধীনে ১ লক্ষ ১২ হাজার গাছের চারা রোপন করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । এ উপলক্ষে শিলচরে বন বিভাগের কার্যালয়ে আজ আয়োজিত এক অনুষ্ঠানে বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠি এবং শিক্ষার্থীদের হাতে গাছের চারা তুলে দেওয়া হয় । রাজ্যের বন বিভাগের মুখ্য বন সংরক্ষক রাজীব কুমার দাসের পৌরহিতে অনুষ্ঠিত গাছের চারা বিতরণ অনুষ্ঠানে জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা , পুলিশ সুপার নোমাল মাহাতো , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি

সোম , কৌশিক রাই , এ পি ডি সি এলের সঞ্চালক নিত্যভূষণ দে তাদের বক্তব্যে অমৃত বৃক্ষ আন্দোলন কার্যসূচীর মাধ্যমে বৈশ্বিক উষ্ণতা রোধে রাজ্য সরকার গাছের চারা রোপন করার যে পদক্ষেপ গ্রহণ করেছে সেজন্য সন্তোষ প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় অমৃত বৃক্ষ আন্দোলন কার্যসূচীএ অধীনে পাঁচ লক্ষ গাছের চারা রোপন শুরু হয়েছে ।আজ হাইলাকান্দি সার্কিট হাউসে চারা গাছ রোপন করে এই কার্যসূচীর উদ্ভোধন করেন ডিডিসি এল্ডার্ড ফারহিন । উদ্ভোধনী অনুষ্ঠানে নগর জীবিকা মিশনের স্ব- নির্ভর গোষ্ঠীর কর্মকর্তারা এক পেড় মা কে নাম কার্যসূচীর অধীনে তাদের মায়েদের নামে গাছের চারা রোপন করেন ।উল্লেখ্য আগামী ১৫ ই আগষ্ট পর্যন্ত জেলায় ৪ লক্ষ ৮৫ হাজার চারা গাছ রোপন করার লক্ষ্য ধার্য করা হয়েছে ।সেই অনুযায়ী পঞ্জিয়ন আগামী ৫ ই আগষ্ট পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে ।পোর্টেল http; aba. assam .gov .in / welcome পঞ্জিয়ন করে বন বিভাগ থেকে প্রাপ্ত চারা গাছটি জিও ট্যাগ যুক্ত করা এবং এবং গাছের চারা সহ সেলফি অমৃত বৃক্ষ আন্দোলন মোবাইল এ্যাপ বা ওয়েব পোর্টেলে আগামী ১৫ ই আগষ্ট পর্যন্ত আপলোড করতে জেলা প্রশাসন থেকে আবেদন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার হাফলংয়ে আজ জেলা প্রশাসন , বন বিভাগ এবং আগরতলা খন্ডের হাফলং ব্যাটেলিয়নের সহযোগিতায় হাফলং আবর্ত ভবনে গাছের চারা রোপন করা হয় ।এই কার্যসূচীতে ডিমা হাসাও স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবলাল গারলোসা গাছের চারা বিতরণ করেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যের ৫ টি বিধানসভা আসনের উপ নির্বাচনের জন্য নির্বাচন কমিশন প্রস্তুতি অব্যাহত রেখেছে । উপ নির্বাচন অনুষ্ঠেয় ধলাই , সিদলী , বঙাইগাও , বিহালী ও চালগুরি আসনের খসরা ভোটার তালিকা ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে । এই পাচটি আসনের সদ্য প্রকাশিত খসরা ভোটার তালিকার ক্ষেত্রে দাবী ও আপত্তি দাখিল করার সময়সীমা আগামী ১০ ই আগষ্ট পর্যন্ত ধার্য করা

হয়েছে । এই আসনগুলির ভোটার তালিকায় নাম অর্ন্তভূক্তি বা অন্যান্য সংশোধনীর ক্ষেত্রে আবেদন পত্র অনলাইনের মাধ্যমে সংগ্রহ করা যাবে যদি ও প্র-পত্র অনলাইন মাধ্যমে দাখিল করা যাবেনা ।অন্যদিকে দাবী ও আপত্তি নিষ্পত্তিকরণ আগামী ১৯ শে আগষ্টের মধ্যে সম্পন্ন করা হবে । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল জানিয়েছেন যে সমষ্টি পুর্ননির্ধারণের পর রাজ্যে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ।যদি ও এই পাচটি আসনের উপ নির্বাচন আগে বহাল থাকা বিধানসভা আসনগুলিতে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু গ্রীষ্মের বন্ধের পর রাজ্যের বিদ্যালয়গুলোতে আজ থেকে পাঠদান আরম্ভ হওয়ায় ডিজিটেল মাধ্যমে রাজ্যের ৭ হাজার ৭২০ টি বিদ্যালয়ে শুভেচ্ছা বার্তা প্রেরণ করেছেন ।সমগ্র শিক্ষা অসামের কার্যালয় থেকে এই বিদ্যালয় সমুহের সঙ্গে সংযোগ স্থাপন করে মন্ত্রী ডাঃ পেগু শিক্ষক শিক্ষিকা এবং ছাত্রছাত্রীদের শুভেচ্ছা জানান ।এরপর শিক্ষামন্ত্রী সংবাদ মাধ্যমকে জানান যে রাজ্যের বিদ্যালয়গুলোতে টেলি এডুকেশন , স্মার্ট ক্লাস তথা আই সি টি ব্যবস্থা গড়ে তোলা হয়েছে ।মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়গুলোতে ১০০ শতাংশ স্মার্টক্লাস গড়ে তোলার ওপর গুরুত্ব প্রদান করা হয়েছে বলে উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন যে শিক্ষাদানের ক্ষেত্রে শ্রেনীকক্ষে পাঠদান করা সহ ডিজিটেল মাধ্যমে শিক্ষাদানের ওপরও গুরুত্ব আরোপ করা হয়েছে ।এই ব্যবস্থা সমুহ আগামীদিনে অধিক শক্তিশালী করা হবে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট আজ অনুসূচিত জাতি ও অনুসূচিত জনজাতি লোকেদের জন্য বিভিন্ন সুযোগ সুবিধা লাভ করার ক্ষেত্রে ক্রিমি লেয়ার নীতি প্রয়োগ করার জন্য পরামর্শ প্রদান করেছে । মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে একটি সাতজনের বিচারপীঠ আজ রাজ্যের বিধান মন্ডলের দ্বারা অনুসূচিত জাতি ও অনূসূচিত জনজাতির মধ্যে উপ- বর্গীকরণ অথবা উপ- শ্রেনীবিভাজনের অনুমতি প্রদান সম্পর্কে রায়দান করে এই পরামর্শ প্রদান করে ।সংবিধানের দফা অনুযায়ী সংরক্ষিত শ্রেনী , গোষ্ঠীগুলির মধ্যে উপ -শ্রেনী বিভাজন অনুমোদিত হবেনা বলে উত্থাপিত প্রশ্ন সম্পর্কে এই পরামর্শ প্রদান করা হয়

।সুপ্রীম কোর্ট এসম্পর্কে ২০০৪ সালের পি ভি সিয়ান্নার রায়কে ৬-১ বহুমতে খারিজ করে । সিয়ান্না তার রায়ে অনুসূচিত জাতির সংরক্ষণের ক্ষেত্রে উপ - বর্গীকরণের সরকারী চাকুরী ও প্রবেশের ক্ষেত্রে স্বীকার করা হবেনা বলে উল্লেখ করেছিলেন ।

--------------------------------------------------------------------------------

প্যারিস অলিম্পিকে আজ ভারতের স্বপ্নীল কুশালে পুরষদের ৫০ মিটার রাইফেলস থ্রী -পজিশন বিভাগে ব্রোঞ্জ পদক লাভ করেছেন ।এই নিয়ে এবারের অলিম্পিক্সে ভারতের মোট পদক সংখ্যা ৩ ।এই বিভাগে কুশালে প্রথম ভারতীয় হিসেবে পদক লাভ করেছেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বপ্নীল কুশালেকে অভিনন্দন জানিয়েছেন ।প্যারিস অলিম্পিকে আজ থেকে এথলেটিক্স প্রতিযোগিতাগুলো শুরু হয়েছে । এদিকে দুবারের বিশ্ব চ্যাম্পিয়ন নিখাট জারিন মহিলাদের বক্সিংয়ের ৫০ কিলোগ্রাম শাখার প্রি-কোয়ার্টার ফাইনালে পরাজিত হয়েছেন ।পি ভি সিন্ধু , লক্ষ্য সেন এবং এইচ এস প্রণয় বেডমিন্টন সিঙ্গলসের নক-আউট পর্যায়ের খেলায় অবতীর্ণ হবেন ।অন্যদিকে সাত্বিক সাইরাজ , রণকী রেড্ডি ও চিরাগ শেট্টী বেডমিন্টন ডাবলসের প্রি-কোয়ার্টার ফাইনালে পরাজিত হয়েছেন ।ভারতের সেনাবাহিনীর লেফটেনন্ট কর্ণেল কাবিলান সাই অশোক অলিম্পিকের বক্সিংয়ে ভারতের সর্ব কনিষ্ঠ রেফারী হিসেবে পরিগণিত হয়েছেন ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার কৃষি বিভাগের উদ্যোগে আজ পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অধীনে আছিমগঞ্জে রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার অধীনে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য প্রত্যয়িত এইচ ওয়াই ভি বীজ আনুষ্ঠানিকভাবে বিতরন করা হয়েছে । বীজ বিতরন কার্য্যসূচীতে বিধায়ক কৃষনেন্দু পাল মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রী পাল বলেন যে এই উদ্যোগের লক্ষ্য কৃষকদের সহায়তা করা , কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি করা এবং সাম্প্রতিক বন্যার প্রত্যাহ্বান থেকে পুনরুদ্ধার করতে কৃষকদের উন্নত মানসম্পন্ন বীজের যোগান নিশ্চিত করা ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জের অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে করিমগঞ্জ চর্তুথ আসাম ব্যাটালিয়ান ,এন সি সি-র বাছাই করা ক্যাডেটদের চান্দখিরার স্বামী বিবেকানন্দ কলেজে ফায়ারিং রেঞ্জে গুলি চালানোর পরীক্ষা গত ২৯শে জুলাই থেকে শুরু হয়েছে , যা আগামী ১৪ই অগাষ্ট পর্য্যন্ত চলবে । বিজ্ঞপ্তীতে এই গুলি চালানোর মহড়ার সময় যাতে কোন ধরনের অবাঞ্চিত দূর্ঘটনা সংগঠিত না হয় , তার জন্য ফায়ারিং রেঞ্জ সংলগ্ন এলাকার জনগনকে সর্তকতা অবলম্বন করে চলাফেরা করতে অনুরোধ করা হয়েছে ।

------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার সরকারী কর্মচারীদের মুখ্যমন্ত্রী লোক সেবক আরোগ্য যোজনা নামক বীমা কার্য্যসূচীর অধীনে আনতে জেলা আয়ুক্তের সভাকক্ষে আজ জেলার ড্রয়িং এন্ড ডিসবার্সসিং আধিকারীকদের এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে গত বছরের অক্টোবর মাস থেকে জেলার সব কর্মচারী ও আধিকারীকদের বেতন থেকে নির্দিষ্ট প্রিমিয়ামের অর্থ কাটা হচ্ছে । তবে যাদের এই বীমা কার্য্যসূচীতে রেজিষ্ট্রেশন হয় নি , তারা চিকিৎসা বাবদ কোন অর্থ ফিরে পাওয়ার জন্য দাবী করতে পারবেন না । উল্লেখ্য বীমার আওতায় থাকলে রাজ্য সরকারের সব কর্মচারী ও আধিকারীকদের পরিবারের সবার চিকিৎসার জন্য ব্যয় হওয়া অর্থ পুনরায় ফিরে পাওয়ার ব্যবস্থা রয়েছে ।

------------------------------------------------------------------------

শিলচরের প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের উদ্যোগে আজ শিলচর সি টি ভি ও কার্য্যলয়ের সভাকক্ষে শিলচর পৌরসভার বর্ধিত জল কর প্রত্যাহার করার দাবী জানিয়ে একটি সভা অনুষ্ঠিত হয় । সংগঠনের সভাপতি ধ্রুব সাহার পৌরহিত্যে আয়োজিত সভায় আগামী এক মাস শহরের প্রতিটি ওয়ার্ডে জনগনকে নিয়ে বিভিন্ন স্থানে প্রতিবাদী কার্য্যসূচী গ্রহন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । সভায় অন্যান্যদের মধ্যে সঞ্জীব রায় , অজয় রায় , সীমান্ত ভট্টাচার্য্য ,আলী রেজা ওসমানি প্রমুখ উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজ্যুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির এক প্রতিনিধি দল আজ মেহেরপুরে এ পি ডি সি এল-এর মূখ্য কার্য্যবাহী আধিকারীকের সাথে দেখা করে বিভিন্ন দাবী সম্বলিত একটি স্মারক পত্র প্রদান করেন । স্মারক পত্রে লো ভল্টেজ সমস্যার সমাধান , লোডশেডিং বন্ধ করা , পুরনো অকেজো বৈদ্যুতিক তার , ট্রান্সফর্মার পরিবর্তন করা ইত্যাদি দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------